ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৫২
সোনামুড়া, ২৭ আগস্ট, ২০২৫

**সোনামুড়ায় ২৯-৩১ আগস্ট জাতীয় ক্রীড়া দিবস পালন করা হবে**

সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে আগামী ২৯ থেকে ৩১ আগস্ট পর্যন্ত ৩ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে সোনামুড়ায় মহকুমাভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস পালন করা হবে। এই কর্মসূচি অনুযায়ী ২৯ আগস্ট বিকেল ৩টায় নীরমহল প্রাসাদে যোগা প্রদর্শন, ৩০ আগস্ট বিকেল ৩টায় মেলাঘর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে বালিকাদের মধ্যে হকি ও হ্যান্ডবল খেলা এবং ৩১ আগস্ট বিকেল ৩ টায় সোনামুড়ায় সাইকেল র‍্যালী সংগঠিত হবে। সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****